# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
## খুলনা শাখা, ৪৭, কে, ডি, ঘোষ রোড, খুলনা

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স আব্দুল কুদ্দুস শেখ নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী আব্দুল কুদ্দুস শেখ, পিতা-মোন্ৰাজ উদ্দিন শেখ, গ্রাম-মৌভোগ, পোষ্ট-মানসা বাজার, থানা-ফকিরহাট, জেলা-বাগেরহাট কর্তৃক ইউসিবি, খুলনা শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ৰমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২০/০৭/২০১৭ইং তারিখ পর্যন্ৰ ব্যাংকের পাওনা ও.ডি. (জেনারেল) ঋণ বাবদ ৬,৮৪,০৪,৮৮৮.৯০ (ছয় কোটি চুরাশি লক্ষ চার হাজার আটশত আটাশি টাকা নব্বই পয়সা) টাকা, অটোলোন বাবদ ৮,৩০,৭২৯.২৯ (আট লক্ষ ত্রিশ হাজার সাতশত ঊনত্রিশ টাকা ঊনত্রিশ পয়সা) টাকা, ট্রান্সপোর্ট লোন বাবদ ৯,৮১,৫৭৭.৫৮ (নয় লক্ষ একাশি হাজার পাঁচশত সাতাত্তর টাকা আটান্ন পয়সা) টাকা, সর্বমোট ৭,০২,১৭,১৯৫.৭৭ (সাত কোটি দুই লক্ষ সতের হাজার একশত পঁচানব্বই টাকা সাতাত্তর পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উলেস্নখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

১) জেলা-বাগেরহাট, থানা এবং সাব-রেজিস্ট্রি অফিস-ফকিরহাট, মৌজা-মৌভোগ, জে.এল. নং-১, সি.এস. খতিয়ান নং-২৩৪১, ২৪, এস.এ. খতিয়ান নং-৬৭৩, ৬৭২, ১৯৯২, ২১৮২, ১২৩৭, ১০৪৮, ৪১৭, ১৮১৩, ৩৪৭, ১৮৬৯, ২০৭৫, ২২৫৮, ১৮০৬, ৪৮, ২১৫৪, ৪৭, ৪১৬, ৪৬০, ২০৬৪, ২০৬২, ২০৬৩, ২০৮৭, ২১২৮, ১৮১৯, ১০৪৫, সেটেলমেন্ট খতিয়ান নং-৩৬৭০, ৩৬০২, ৩৬০১, ৩৫৫০, ৩৫২৯, ১৫৬৯, ১৫৩৭, ২৮৭৮, ২৮৭৯, ২৮৮০, ৩৬৭১, ৩৭৮০, ২৯১৭, এস.এ. প-স্নট নং-৩৬২১, ৩৬১৭, ৩৬২৪, ৩৫৫৯, ৩৫৬৫, ১৫৩৮, ১৫৬২, ৩৬০৭, ৩৬১৪, ৩৬১৫, ৩৫৯৬, ২৭১৮, ১৩৮৬, ৩৬২২, ৩৬২৩, ৩৪৯৯, ৩৬৬২, ৩৬৬৩, ৩৬৭৭, ৩৫০২, ৩৫৯৮, ৩৬০৯, ৩৬১২, ৩৬৫৫, ৩৬৫৮, ৩৬৬০, ৩৬৭৬, ১৫৩৬, ৩৫৯৮, ১৫৪৩, ১৫৫২, ১৫৫৯, ৩৬৪৭, ৩৬৫৩, ৩৬৪৬, ৩৬১৮, ৩৬১৯, ৩৬১৬, ১১৭৫, ১৬৬৮, ১৯০৭, ২০০৮, ২০৮৪, ১০৯, ১৫২, ২৭০৮, ২৯৯৪, ৩০২৪, ৩১৪০, ৩১৭৮, ৩২০৫, ৩৫৭৩, ৩৬১১, ৩৬২৬, ৩৬২৭, ৩৬৮৪, ৩৬৮৬, ৩৬৮৫, ১৬১৮, ৩৬৩৮, ৩৬৭৮, ৩৬১০, ডি.পি. প-স্নট নং-৫৮৩৭, ৫৮৪০, ৫৮৩৪, ৫৭৫২, ৫৭৭১, ৩১৬৭, ৩১৬৮, ৩১৬৩, ৩১৬০, ৩১৭৯, ৫৮৪৪, ৪৮৪৪, ৫৮৪১, ৫৮৪২, ৫৮৩৯, ৫৮১৭, ৫৮১৬, ৩৬৮৪, ৩৬৮৬, ৪৬৮৫, জমির পরিমাণ ১৩.৪৮৫০ একর বা ১৩৪৮.৫০ শতক এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি।

২) জেলা-বাগেরহাট, থানা এবং সাব-রেজিস্ট্রি অফিস-ফকিরহাট, মৌজা-মৌভোগ, জে.এল. নং-১, সি.এস. খতিয়ান নং-২২৬৫, এস.এ. খতিয়ান নং-১৮১০, ২১৯২, ২১৯১, ২০১২, ৬৭৫, ৪৪২, ৪৪৩, এস.এ. প-স্নট নং-৩৬৭৩, ৩৬৬৪, ৩৬৬৫/৪১৮৫, ৩৬৫৮, ৩৬৫৯, ৩৬৫৭, ১৫৪০, ১৫৩৯, ১০১১, ১০১২, ১২১২, ১২৬৪, ১২৬৮, ২৭৪৯, ১৫৬০, ১৫৬৪, ১৫৬১, ১৫৬৫, জমির পরিমাণ ৪.৪৩ একর বা ৪৪৩ শতক এবং তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি।

**নিলামের শর্তাবলী ঃ-**

১। আগামী ০৬/০৯/২০১৭ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খুলনা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খুলনা শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপৰ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্ৰাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাৰরকারী উক্ত দর প্রস্ৰাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপৰ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্ৰান্ৰর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ৰ যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্ৰাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্ৰারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাৰরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**শাখা ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খুলনা শাখা, খুলনা।**